দামুড়হুদায় কৃষি উপকরণ বিতরণ

দামুড়হুদার কোষাঘাটায় ওয়েভ ফাউন্ডেশনের সদস্যদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ রোববার বিকেল সাড়ে ৩টার দিকে সমন্বিত কৃষি ইউনিট পিকেএসএফের আর্থিক সহায়তায় উপকারভোগীদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো হযরত আলী।

বেসরকারি সংস্থা ওয়েভ ফাউন্ডেশনের কোষাঘাটাস্থ মিশ্র খামার প্রাঙ্গনে উপকরণ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক মোঃ কিতাব আলী, ডাঃ এ এম এস সহীদ, কৃষিবিদ ফায়সাল মাহমুদ, ডাঃ এহতেশামুল হক, সহঃ প্রাণীসম্পদ কর্মকর্তা হাসান রেজা ও সহঃ কৃষি কর্মকর্তা মোঃ বিপুল মিয়া।

দামুড়হুদার চিৎলায় আওয়ামীলীগের শান্তি-উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদার চিৎলার মোড়ে শান্তি-উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল ৪টার সময় বিএনপি জামায়াতের নৈরাজ্য ও অবৈধ হরতাল-অবরোধের প্রতিবাদে দামুড়হুদার চিৎলার মোড়ে শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা আওয়ামী, যুবলীগ ও ছাত্রলীগের আয়োজনে শান্তি ও উন্নয়ন সমাবেশে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় আওয়ামী লীগের ত্র্যাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য মো হাশেম রেজা।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের ৫নং ওয়ার্ড সভাপতি আবুল কাশেমের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন জুড়ানপুর ইউনিয়ন

আওয়ামীলীগের সহসভাপতি মো আইন উদ্দিন মন্ডল, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি ইন্নাল শেখ, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোহাম্মদ আলী, জীবননগর উথলী ইউনিয়ন আওয়ামীলীগের ৯নং ওয়ার্ড সভাপতি সরফরাজ আলী, মদনা ইউনিয়ন আওয়ামীলীগের নেতা বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম, জুড়ানপুর ইউনিয়ন কৃষকলীগের ১নং ওয়ার্ড সভাপতি শরিফ উদ্দীন, কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের নেতা আবু কাইজার মাস্টার, মদনা ইউনিয়ন আওয়ামীলীগের নেতা আবেদ বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের নেতা পিজির আলী, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের নেতা জসিম উদ্দিন খান, আওয়ামী লীগ নেতা জান মোহাম্মদ, আবদুল হামিদ, জীবননগর পৌর যুবলীগের সাবেক সহ সভাপতি জসিম উদ্দিন মিন্টু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি নাসির উদ্দীন।

এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা হাবিবুর রহমান হাবি, মশিউর রহমান তুশার, রিংকু, শাকিল আহমেদ, বকুল ও আ:কুদ্দুস প্রমুখ।

দামুড়হুদায় জাতীয় সংবিধান দিবস অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় সংবিধান দিবস অনুষ্ঠিত হয়েছে। “বঙ্গবন্ধুর ভাবনা সংবিধানের বর্ণনা, এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ শনিবার বেলা ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের চত্বরে সংবিধান দিবস অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার

বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ।

দামুড়হুদায় কমিউনিটি পুলিশিং ডে পালিত

দামুড়হুদায় কমিউনিটি পুলিশং ডে উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দিবসটি উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা শহরে একটি বর্ণাঢ্য র্যালি শেষে থানা চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানা ও কমিউনিটি পুলিশিং কমিটির আয়োজনে র্যালি ও আলোচনা সভায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক,
হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (তদন্ত) শেখ মাহাবুবুর রহমান, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি সদস্য লিয়াকত আলী জোয়ার্দার, আব্দুল আলিম, কামরুল হাসান, হাউলী ইউপি সদস্য সহিদুল ইসলাম, আওয়ামীলীগের নেতা মোজাফফর হোসেন, সুবহান মন্ডল, সুলতান আহমেদ, সাইদুর রহমান টোকন প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা মডেল থানার উপপরিদর্শক (এসআই) শেখ তৌহিদুর রহমান।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন

দামুড়হুদায় ৫২তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। “সমবায় গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ শনিবার সকাল ১১ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে পরিষদ চত্বরে দিবস টি অনুষ্ঠিত হয়। দিবস টি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার সমবায় সমিতির বিভিন্ন ইউনিটির সভাপতি ও সাধারণ সম্পাদক ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ, সুধী সমাজের বিভিন্ন ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন আর রশিদ।

দামুড়হুদায় হরতালের প্রতিবাদে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

হরতালের নামে বিএনপি-জামায়াতের হত্যা, অগ্নি সংযোগ, সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজুর সার্বিক দিক নির্দেশনায় চুয়াডাঙ্গা-২ আসন থেকে

নৌকার মনোনয়ন প্রত্যাশি আওয়ামী লীগের ঐক্যবদ্ধ নেতাদের পক্ষ থেকে দামুড়হুদায় শান্তি সমাবেশ করা হয়েছে।

আজ রবিবার বিকেলে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের ব্যানারে বাসস্ট্যান্ডে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে হরতাল বিরোধী এক বিক্ষোভ মিছিল বের করা হয়। বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে বাসস্ট্যান্ডে শেষ হয়। বিক্ষোভ মিছিল শেষে সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলামের সভাপতিত্বে শান্তি সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক চুয়াডাঙ্গা জেলা জজকোর্টের এপিপি অ্যাড. আবু তালেব, উপজেলা কৃষক লীগের সভাপতি রফিকুল ইসলাম, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তালেব, কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি কাফি উদ্দীন টুটুল, আওয়ামী লীগ নেতা মহাসিন আলী ও যুবলীগ নেতা ফজলুর রহমান ফজু।

উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা আশা মোল্লা, যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম, আব্দুল মালেক ভূইয়া, স্বপন মালিথা, সরোয়ার সিদ্দিক মামুন, পিন্টু, মোমিন, আবুল কাশেম, উপজেলা ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক বুলবুল আহমেদ, নতিপোতা ইউনিয়ন ছাত্রলীগ নেতা নাহিদ, বশিরসহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার বীজ বিতরণের উদ্বোধন

দামুড়হুদায় ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৩ হাজার ৩৯০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের

মধ্যে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারি ফসলের আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টায় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দামুড়হুদা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

জেলা কৃষি কর্মকর্তা বিভাস চন্দ্রের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরো উপস্থিত ছিলেন- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন সুলতানা।

অনুষ্ঠানে বিঘাপ্রতি ২০ কেজি করে গম বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ২ কেজি করে ভুট্টা বীজ, ২০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ১ কেজি করে সরিষা বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; ১ কেজি করে শীতকালীন পেঁয়াজ বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ৫ কেজি করে মুগ বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার; কৃষককে ৫ কেজি করে মসুর বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার প্রদান করা হয়।

দামুড়হুদায় ডিবি পুলিশের অভিযানে কেরুর ট্রাকে বাংলামদ সহ আটক ৩

দামুড়হুদা দর্শনা মহা সড়কের মাঝামাঝি স্হান থেকে জেলা ডিবি পুলিশের অভিযানে বাংলাদেশ কেরু এন্ড কোম্পানীর ট্রাকে বাংলামদ ও চালক সহ ৩ জনকে আটক করেছে জেলা ডিবি পুলিশ। আজ মঙ্গলবার দুপুরে আসামীদের কে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

চুয়াডাঙ্গা ডিবি পুলিশের ওসি ফেরদৌস ওয়াহিদ জানায় গোপন সংবাদের ভিত্তিতে খবর ছিল যে কেরুর ওয়্যার হাউজ শান্তাহার থেকে চুরি করে ট্রাকে মদের একটি বড় চালান আসছে।সে খবর পাওয়ার পর দামুড়হুদা ফিলিং স্টেশন ও ফায়ার সার্ভিসের মাঝামাঝি স্হানে ডিবি পুলিশের একটি টহলদল এম্বুস করে।রাত নয়টার দিকে গাড়িটি পুলিশ বেরিকেট পার হওয়ার চেস্টা করলে গাড়িটি আটক করা হয়।

যে ট্রাকে কেরুর শানতাহার পন্যাগার থেকে কেরুর ট্রাকে চুরি করা মদ নিয়ে দর্শনায় ফিরে আসা হচ্ছে, যা পুজার বাজারে দর্শনা এলাকায় অনেক টাকায় বিক্রি করা হবে। রাতেই ট্রাকটি তল্লাশী করে ১০ লিটার মদ সহ চালক মনিরুল ইসলাম,হেলফার সানোয়ার হোসেন ও বাপ্পারাজকে আটক করা হয়।পরে কেরুর নিজস্ব ট্রাক (নম্বর চুয়াডাঙ্গা-হ ১১০০০৯) ডিবি হেফাজতে রেখে বাংলামদ সহ গতকাল মঙ্গলবার আসামীদেরকে চুয়াডাঙ্গা কোটে চালান করা হয়েছে।

চিনিকলের পরিবহন বিভাগের অফিস জানান গত ২২ অক্টোবর কেরুর ডিস্টিলারির উৎপাদিত পন্য নিয়ে ট্রাকটি কেরুর শানতাহার ওয়্যার হাউজে যায় এবং মালামাল রেখে গতকাল ২৩ অক্টোবর রাতে ট্রাকটি ফিরে আসার সময় পুলিশের কাছে আটক হয়। কেরু চিনিকলের জি এম (প্রশাসন) মোঃ ইউসুপ আলি জানান ঘটনাটি শুনেছি আজ মঙ্গলবার সরকারি ছুটি বুধবার অফিস যথারিতি চলবে, অভিযুক্তদের বিষয়ে খোজখবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

দামুড়হুদায় শ্রেষ্ঠ সচিব নির্বাচিত হলেন নাঈম উদ্দিন

দামুড়হুদায় শ্রেষ্ঠ সচিব নির্বাচিত হলেন হাউলী ইউপি সচিব নাঈম উদ্দিন। গত বৃহস্পতিবার জেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে স্রেষ্ঠ সচিব নির্বাচিত করা হয়।

দামুড়হুদায় সেপ্টেম্বর মাসে উপজেলার ৮ টি ইউনিয়ন পরিষদ ও ১ টি পৌরসভার মধ্যে সর্বোচ্চ জন্ম মৃত্যু নিবন্ধন সম্পাদন করায় হাউলী ইউনিয়ন পরিষদের সচিব মো: নাঈম উদ্দিন কে জেলা প্রশাসনের

কার্যালয় থেকে শ্রেষ্ঠ সচিব নির্বাচিত এবং পুরস্কৃত করা হয়।

হাউলী ইউপি সচিব নাঈম উদ্দিন বলেন, আমাদের এই ইউনিয়ন পরিষদের জনগণ এবং ইউনিয়ন পরিষদের সমস্ত স্টাফ অত্যান্ত ভালো। জন্ম এবং মৃত্যু নিবন্ধনের বিষয়ে এলাকার জনগণ খুব সচেতন। সেই সাথে ইউনিয়ন পরিষদের স্টাফদের আন্তরিক সহযোগিতায় আজ এ পর্যায়ে আসতে সক্ষম হয়েছি। এর জন্য আমি এলাকার জনগণকে এবং ইউনিয়ন পরিষদের সকল স্টাফকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। আমার উপর অর্পিত সমস্ত দায়িত্ব ও কর্তব্য আমি নিষ্ঠার সাথে পালন করে সমস্ত কাজ সম্পাদন করার চেষ্টা করছি।

এবিষয়ে হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, হাউলী ইউনিয়নে আসার পর থেকেই সচিব নাঈন উদ্দিন পরিশ্রম ও নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে। তারই ফলশ্রুতিতে তিনি উপজেলার শ্রেষ্ঠ সচিব নির্বাচিত হয়েছেন। আমি তার সার্বিক মঙ্গল কামনা করি।

দামুড়হুদার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শনে জেলা প্রশাসক ও পুলিশ সুপার

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপার দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করেছেন।

শনিবার দুপুর ১ টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ সরেজমিনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ও জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন পরিদর্শন করেন। পূজা মণ্ডপ পরিদর্শনকালে জেলা প্রশাসক ও পুলিশ সুপার সনাতন ধর্মাবলম্বী ভক্ত বৃন্দের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং পূজার নিরাপত্তাসহ সার্বিক খোঁজখবর নেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলায় এ বছর ১২১টি পূজামণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিটি পূজা মণ্ডপে নিজস্ব সেচ্ছাসেবক ছাড়াও সার্বক্ষণিক পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা উপস্থিত রয়েছেন । এছাড়াও সাদা পোশাকে ডিবি, ডিএসবি এবং ট্রাফিক পুলিশ সার্বক্ষণিক মাঠে কাজ করছেন।পূজা মন্ডপ পরিদর্শন কালে আরও উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, পুলিশ পরিদর্শক (নিঃ) অফিসার ইনচার্জ, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের ইনচার্জ মাহমুদুর রহমান সহ বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।